



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/13/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

## গভর্নর কুওমো ঋণ সংগ্রাহকদের কাছ থেকে নিউ ইয়র্কবাসীদের COVID-19 স্টিমুলাস পেমেন্টগুলি রক্ষা করার আইনে স্বাক্ষর করেছেন

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউ ইয়র্কবাসীদের COVID-19 স্টিমুলাস পেমেন্ট ঋণ সংগ্রাহকদের দ্বারা আইনত করা যত করা থেকে রক্ষা করে আইনে স্বাক্ষর করেছেন (S.5923-A/A.6617-A)। এই ফেডারেল আইনগুলির অধীনে নিউ ইয়র্কবাসীদের সমস্ত ত্রাণ সংক্রান্ত পেমেন্ট, যার মধ্যে আছে স্টিমুলাস পেমেন্ট, ট্যাক্স রিফান্ড, রিবেট, এবং কার্যকর তারিখের আগে যোগ্য ব্যক্তি বা শিশুর জন্য বা কার্যকর তারিখের আগে প্রাপ্ত ব্যক্তিদের সহায়তা করার জন্য ট্যাক্স ক্রেডিট, সুরক্ষিত করা হবে। এই আইনটি এমন ব্যক্তিদের দ্বারা আনা দাবিগুলির জন্য একটি ব্যতিক্রম তৈরি করে যাদের ত্রাণ সংক্রান্ত পেমেন্টের প্রতি স্বার্থ রয়েছে যাতে নিশ্চিত করা যায় যে এই অর্থগুলি শিশু এবং স্পাউজের সহায়তা প্রদান করার জন্য এবং জালিয়াতির সাথে জড়িত পরিস্থিতিতে অর্থ সংগ্রহ করা যেতে পারে।

কোন ব্যক্তি যার ব্যাংক অ্যাকাউন্টের উপর একটি অর্থ সংক্রান্ত রায় বলবত করা হয়েছে তারা এমন একটি বিস্তৃতি পাবেন যে COVID-19 এর স্টিমুলাস ফান্ড সুরক্ষিত এবং যদি অসাবধানতাবশত কোনও পাওনাদার দ্বারা করা যত করা হয়ে থাকে তাহলে তাদের অবিলম্বে সেই অর্থগুলি মুক্ত করার জন্য সেই নোটিশের সাথে অন্তর্ভুক্ত একটি ফর্ম ফেরত দেওয়া উচিত।

"রাজ্যের প্রতিটি কোণে নিউ ইয়র্কবাসীরা COVID মহামারীর প্রভাব অনুভব করেছেন, অনেকে তাদের নিজের কোনও দোষ ছাড়াই চাকরি হারিয়েছেন এবং নিজেদের এবং তাদের পরিবারের ভরণপোষণ করার জন্য লড়াই করছেন," **গভর্নর কুওমো বলেন।** "এই গুরুত্বপূর্ণ আইনটি নিউ ইয়র্কবাসীদের প্রদান করা ত্রাণ সংক্রান্ত পেমেন্ট অসাধু ঋণ সংগ্রাহকদের কাছ থেকে সুরক্ষিত রাখা নিশ্চিত করতে সহায়তা করবে যাতে এই অর্থ যেমন অভিপ্রেত তেমনভাবে ব্যবহার করা যায় - ব্যক্তি এবং পরিবারকে সম্পূর্ণ করতে সহায়তা করার জন্য যখন তারা মহামারীর অর্থনৈতিক প্রভাব কাটিয়ে উঠছেন।"

**সেনেটর কেভিন টমাস বলেছেন,** "ফেডারেল ত্রাণ প্রদান একটি জীবনরেখা হিসাবে উদ্দেশ্য ছিল পরিবার এবং ব্যক্তিদের সাহায্য করার জন্য যারা এই অত্যন্ত প্রতিকূল সময়ে জীবন ধারণ করার জন্য সংগ্রাম করছেন। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য যাতে এই সেফটি-নেট তহবিল অসাধু ঋণ সংগ্রাহক করা যত হওয়া থেকে রক্ষা করা যায়, যাতে নিউ ইয়র্কবাসীরা এই তহবিলগুলির মূলত যে উদ্দেশ্য ছিল তেমনভাবে ব্যবহার করা যায় তা

নিশ্চিত করার জন্য - ত্রাণ প্রদান এবং মহামারীর প্রভাব থেকে পরিবারগুলিকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য।"

**অ্যাসেম্বলি সদস্য হেলেন ওয়াইনস্টিন বলেন,** "ফেডারেল ত্রাণ প্রদানের উদ্দেশ্য ছিল এই অভূতপূর্ব সময়ে যে পরিবারগুলি তাদের জীবন ধারণের জন্য সংগ্রাম করছে তাদের সহায়তা করার জন্য। এই আইন নিশ্চিত করে যে পরিবারগুলি এই সুরক্ষা-নেট তহবিল সেই উদ্দেশ্যে ব্যবহার করতে সক্ষম হন যেমন করা মূলত উদ্দেশ্য ছিল, পরিবারগুলির মৌলিক চাহিদা পূরণ করা এবং ঋণ সংগ্রাহকদের নাগাল থেকে দূরে রাখতে।"

**ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন,** "এই গুরুত্বপূর্ণ বিষয়ে কাজ করার জন্য আমি গভর্নর ও আইনসভাকে সাধুবাদ জানাই। এই নতুন আইনটি কংগ্রেস দ্বারা ব্যক্তি এবং পরিবারগুলিকে COVID-19 এর ত্রাণ সংক্রান্ত পেমেন্ট ঋণ হিসেবে সংগ্রহ করা রক্ষা করে, যার মধ্যে রয়েছে ব্যাংক থেকে নেওয়া ঋণ যা তারা তাদের গ্রাহকদের অ্যাকাউন্ট থেকে দাবি করেন। এটি করতে গিয়ে, আইনটি এই তহবিলের জন্য কংগ্রেসের লক্ষ্য পূরণ করে: যা হল মহামারীর দ্বারা অর্থনৈতিকভাবে প্রভাবিত পরিবারগুলিকে ত্রাণ প্রদান করা। ডিপার্টমেন্ট সমস্ত নিউ ইয়র্কবাসীদের আর্থিক নিরাপত্তা রক্ষায় অঙ্গিকারবদ্ধ, বিশেষ করে যে সব সম্প্রদায়গুলির জন্য যারা COVID-19 দ্বারা সব চেয়ে বেশি প্রভাবিত হয়েছে।"

COVID-19 মহামারীর অভূতপূর্ব অর্থনৈতিক ও স্বাস্থ্য সংক্রান্ত ফলাফলের মোকাবেলা করার জন্য শিশু সহ ব্যক্তি ও পরিবারগুলিকে তাদের আর্থিক চাহিদা পূরণ করতে সহায়তা করার জন্য এবং নিজেদের এবং তাদের পরিবারগুলিকে সহায়তা করার জন্য স্টিমুলাস পেমেন্ট প্রদান করা হয়েছিল। এই নতুন আইনটি নিউ ইয়র্কবাসীদের এই ফেডারেল আইন দ্বারা প্রদত্ত আর্থিক সহায়তার সম্পূর্ণ সুবিধা ব্যবহার করার সুযোগ নিশ্চিত করতে সহায়তা করবে।

এই সুরক্ষা সম্পর্কে প্রশ্ন সহ যে কোনও নিউ ইয়র্কবাসী নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস কনজিউমার অ্যাসিস্ট্যান্স ইউনিটকে (New York Department of Financial Services Consumer Assistance Unit) 800-342-3736 নম্বরে টোল-ফ্রি কল করতে পারেন বা একটি ইমেল পাঠাতে পারেন [consumers@dfs.ny.gov](mailto:consumers@dfs.ny.gov) এ এবং যে কেউ 13 মে, 2021 এর পরে যার স্টিমুলাস পেমেন্ট ঋণ সংগ্রাহক দ্বারা করায়ত্ত করা হয়েছে তাদের নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেসের কাছে [www.dfs.ny.gov/complaint](http://www.dfs.ny.gov/complaint) এ অভিযোগ দায়ের করা উচিত।

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)